বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

নম্বর-১২.২০৩.০৩১.৩২.০৩.৪০১.১৭.৭২৪২

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪২৮ / ২২ নভেম্বর ২০২১

**বিষয় : জনাব শেখ আবু সাইদ, অবসরপ্রাপ্ত সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা কর্তৃক অতিরিক্ত গৃহীত বেতন-ভাতা ও অন্যান্য দায়-দেনা নিরুপন প্রসঙ্গ।**

সূত্র : (১) বিএডিসি'র স্মারক নং-১২.০৬.০০০০.২০৩.২৭.৩০১.১৯.৮৮২; তারিখ: ১৯ মে ২০২১
(২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২৭.২৭.০০৮.১৪.২২৮; তারিখ: ০১ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা দপ্তরের অবসরপ্রাপ্ত সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব শেখ আবু সাইদ'কে সংস্থাপন বিভাগের ১৯ মে ২০২১ তারিখের ৮৮২ নং স্মারকে প্রকৃত জন্ম তারিখ ০৫/০১/১৯৫৯ নির্ধারণ করে ০৪/০১/২০১৮ তারিখে হতে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হয়। তিনি বিধি বহির্ভূতভাবে চাকুরিতে কর্মরত থাকাকালীন অর্থাৎ ০৬/০১/২০১৮ তারিখ হতে অদ্যাবধি গৃহীত বেতন ভাতাদি তাঁর আনুতোষিকের পাওনা হতে সমন্বয় যোগ্য হবে।

০২. কৃষি মন্ত্রণালয়ের ০১/০৮/২০২১ তারিখের ২২৮ নং স্মারকে বলা হয়েছে যে, জনাব শেখ আবু সাইদ, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা কর্তৃক জন্ম তারিখ পরিবর্তন করে অর্জিত সার্টিফিকেট দাখিলপূর্বক পদোন্নতি পাওয়ায় তাকে প্রদানকৃত অগ্রিম বর্ধিত বেতন এবং পদোন্নতি প্রাপ্তির মাধ্যমে গৃহীত অতিরিক্ত অর্থ সমন্বয়যোগ্য হলে সমন্বয়সহ বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, জনাব শেখ আবু সাইদ, অবসরপ্রাপ্ত সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা কর্তৃক অতিরিক্ত গৃহীত বেতন-ভাতা ও অন্যান্য দায়-দেনা নিরুপন করে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এ দপ্তরে প্রেরণের অনুরোধ অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

২২/১১/২০২১
(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর- ০২-২২৩৩৫৫৮৯১
E-mail: establishment@badc.gov.bd

আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক
বিএডিসি, খুলনা।

অনুলিপি:

০১। কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি সেল), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০২। জনাব শেখ আবু সাইদ, অবসরপ্রাপ্ত সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা।
০৩ অফিস কপি/মাস্টার ফাইল কপি।

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-১ অধিশাখা**
**www.moa.gov.bd**

স্মারক নং-১২.০০.০০০০.০২৭.২৭.০০৮.১৪.২২৮

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ / ০১ আগস্ট ২০২১

**বিষয় : জনাব শেখ আবু সাইদ, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর দপ্তর, বিএডিসি, খুলনা এর বিরুদ্ধে ভুয়া সনদপত্রে চাকুরি গ্রহণ, পদোন্নতি গ্রহণ এবং জন্ম তারিখ পরিবর্তন করা, নিজ সার্ভিসবুক পরিবর্তন করা ইত্যাদি প্রতারণার তদন্ত সংক্রান্ত।**

সূত্র : (১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২৭.২৭.০০৮.১৪-৩৫৮; তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০১৯
(২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২৭.২৭.০০৮.১৪-৪৬৬; তারিখ: ০৭ নভেম্বর ২০১৯
(৩) বিএডিসি'র স্মারক নং-১২.০৬.০০০০.২০৩.২৭.২৬৪.১৯-১০৩১; তারিখ: ১০ জুন ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত জনাব শেখ আবু সাইদ, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর দপ্তর, বিএডিসি, খুলনা কর্তৃক জন্ম তারিখ পরিবর্তন করে অর্জিত সার্টিফিকেট দাখিলপূর্বক পদোন্নতি পাওয়ায় তাকে প্রদানকৃত অগ্রিম বর্ধিত বেতন এবং পদোন্নতি প্রাপ্তির মাধ্যমে গৃহীত অতিরিক্ত অর্থ সমন্বয়যোগ্য হলে সমন্বয়সহ বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১.০৮.২০২১


(তাসনিম জেবিন বিনতে শেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪১৪
ই-মেইল: input1@moa.gov.bd


চেয়ারম্যান
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।

**অনুলিপি:**

০১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
০২। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
০৩। যুগ্মসচিব (উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

চেয়ারম্যান বিএডিসি'র দপ্তর
সচিব বিএডিসি'র দপ্তর
যুগ্মপরিচালক, সংস্থাপন বিভাগ, বিএডিসি

৫০

রেজিঃ/এডি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

নং ১২.০৬.০০০০.২০৩.২৭.৩০১.১৯.৮৮২

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ১৯ মে ২০২১

## অফিস আদেশ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, খুলনা দপ্তরের সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব শেখ আবু সাইদ এর বিরুদ্ধে জনাব সৈয়দ আকবর হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওকা) এর দপ্তর, বিএডিসি, সেচ কমপ্লেক্স, চাঁচড়া, যশোর কর্তৃক দাখিলকৃত ভূয়া সদনপত্রে চাকুরী গ্রহণ এবং জন্ম তারিখ পরিবর্তন করে নিজ সার্ভিসবুক পরিবর্তনের অভিযোগ দাখিল করা হয়; এবং

০২. যেহেতু, বিএডিসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর ৪২ ধারা অনুযায়ী একজন তদন্ত কর্মকর্তা দ্বারা অভিযোগসমূহ তদন্ত করা হয়; এবং

০৩. যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে ৮ম শ্রেণি পাশের সার্টিফিকেট অনুযায়ী তাঁর জন্ম তারিখ ০৫/০১/১৯৫৯। চাকুরী বহিতেও জন্ম তারিখ লেখা আছে ০৫/০১/১৯৫৯। পরবর্তীতে তিনি চাকুরীরত অবস্থায় এসএসসি পাশ করেন যাতে জন্ম তারিখ ছিল ১৫/১১/১৯৬২। সার্ভিস বুক কাটাকাটির মাধ্যমে এসএসসি সনদের সাথে মিল রেখে চাকুরীতে যোগদানের সময় জন্ম তারিখ ০৫/০১/১৯৫৯ এর পরিবর্তে ১৫/১১/১৯৬২ লেখা হয়। যা অভিযুক্ত শেখ আবু সাইদ এর হাতের লেখার সাথে মিলে যাওয়ার অভিযোগ প্রতিষ্ঠিত হয়েছে; এবং

০৪. সেহেতু, জনাব শেখ আবু সাইদ, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, খুলনা দপ্তরে কর্মরত এর প্রকৃত জন্ম তারিখ ০৫/০১/৫৯ নির্ধারণপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

(ক) তিনি বিধি মোতাবেক পিআরএল গমনের জন্য পিআরএল গমনের তারিখ অর্থাৎ ০৪/০১/২০১৮ এর পূর্বে আবেদন না করায় এবং তার চাকুরী ৫৯ বছর পূর্ণ হওয়ার তারিখ ০৫/০১/২০১৮ হতে পিআরএল ব্যতীত ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হলো;

(খ) বিধি বর্হিভূতভাবে তিনি চাকুরীতে কর্মরত থাকাকালীন অর্থাৎ ০৬/০১/২০১৮ তারিখ হতে অদ্যাবধি গৃহীত বেতন ভাতাদি তাঁর আনুতোষিকের পাওনা হতে সমন্বয় যোগ্য হবে।

০৫. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯/৫/২০২১

(মোঃ আশরাফুজ্জামান)
সচিব
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৬৪৩৫৯
e-mail: secretary@badc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
২. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৩. চেয়ারম্যান মহোদয় এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, খুলনা (পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি সেল) বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সহকারী হিসাব, নিয়ন্ত্রক (প্রভতঃ/ব্যঃদাঃ), বিএডিসি, ঢাকা।
৭. সদস্য পরিচালক (অর্থ) মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৮. জনাব শেখ আবু সাইদ, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএডিসি, খুলনা।
৯. ব্যক্তিগত নথি/অফিস /মাস্টার ফাইল কপি।